

# বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ)

টেলিফোন : +৮৮-২২২৬৬৬৪৮০১, +৮৮-২২২৬৬৬৪৮০৫  
ওয়েবসাইট : www.bncu.gov.bd  
ইমেইল : natcombd@yahoo.com

মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়  
আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউট (৬ষ্ঠ তলা)  
শহীদ ক্যাপ্টেন মনসুর আলী সরণি, ১/ক, সেগুনবাগিচা, ঢাকা-১০০০

সোমবার, ২৮ জুলাই ২০২৫

## প্রেস বিজ্ঞপ্তি

### “Green and Clean School Campus Contest” প্রকল্পের সমাপনী অনুষ্ঠান আয়োজন

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন (বিএনসিইউ) এবং ইসলামিক ওয়ার্ল্ড এডুকেশনাল, সায়েন্টিফিক অ্যান্ড কালচারাল অর্গানাইজেশন (আইসেস্কো)-এর যৌথ উদ্যোগে “Green and Clean School Campus Contest” প্রকল্পের সমাপনী অনুষ্ঠান আজ সোমবার, ২৮ জুলাই ২০২৫, সকাল ১০:৩০টায় আন্তর্জাতিক মাতৃভাষা ইনস্টিটিউটের সম্মেলন কক্ষ (৪র্থ তলা) সেগুনবাগিচা, ঢাকায় অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন প্রফেসর ড. চৌধুরী রফিকুল আবরার, মাননীয় উপদেষ্টা, শিক্ষা মন্ত্রণালয় এবং চেয়ারম্যান, বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন জনাব মোঃ মজিবর রহমান, সচিব (রুটিন দায়িত্ব), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়।

আইসেস্কো-এর পক্ষ থেকে অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রফেসর ড. রাহিল কামার, হেড অব সায়েন্স অ্যান্ড এনভায়রনমেন্ট সেক্টর।

অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন-এর ডেপুটি সেক্রেটারি জেনারেল, পরিবেশ বিষয়ক বিশেষজ্ঞ, এবং শিক্ষা মন্ত্রণালয় ও সংশ্লিষ্ট সংস্থার কর্মকর্তাবৃন্দ।

এই প্রকল্পের মূল উদ্দেশ্য ছিল স্কুল পর্যায়ের শিক্ষার্থীদের মধ্যে পরিবেশ পরিচ্ছন্নতা ও নিরাপত্তা বিষয়ে সচেতনতা সৃষ্টি, এবং ব্যবহারিক পদক্ষেপ গ্রহণে উৎসাহ প্রদান। ঢাকা শহরের ১০টি ইউনেস্কো ASPnet সদস্য স্কুলকে এই কার্যক্রমে অন্তর্ভুক্ত করা হয়।

জলবায়ু পরিবর্তন ও পরিবেশগত অবক্ষয়ের প্রেক্ষাপটে, আইসেস্কোসহ জাতীয় ও আন্তর্জাতিক সংস্থাগুলো পরিবেশ রক্ষায় সক্রিয়ভাবে কাজ করে যাচ্ছে। এই প্রকল্প সেই বৃহত্তর উদ্যোগেরই অংশ হিসেবে ঢাকার ১০টি ইউনেস্কো ASPnet সদস্য স্কুলের শিক্ষক ও শিক্ষার্থী প্রতিনিধিদের নিয়ে সম্পন্ন হয়।

পরিবেশগত সচেতনতা বৃদ্ধি, ব্যবহারিক উদ্যোগ গ্রহণ এবং অংশগ্রহণমূলক প্রতিযোগিতার মাধ্যমে স্কুল ক্যাম্পাসের বাইরেও সামগ্রিকভাবে এ প্রকল্প একটি ইতিবাচক প্রভাব বিস্তার করবে বলে আশা করা যায়।

বার্তা প্রেরক:

মোহাম্মদ আব্দুল ওয়াসিম

প্রোগ্রাম অফিসার

বাংলাদেশ ইউনেস্কো জাতীয় কমিশন